# সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন

**SECURITIES AND EXCHANGE COMMISSION**
JIBAN BIMA TOWER (14, 15, 16 & 20 FLOOR), 10, DILKUSHA
C/A, DHAKA-1000, BANGLADESH

## বিজ্ঞপ্তি

অক্টোবর ০২, ২০১২

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ধারা ২৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর প্রস্তাবিত সংশোধনীর উপর সংশ্লিষ্ট সকলের মতামত, পরামর্শ বা আপত্তি আহবান করিতেছে।

প্রস্তাবিত সংশোধনীর উপর মতামত, পরামর্শ বা আপত্তি উহা সংবাদপত্রে প্রকাশিত হইবার দুই সপ্তাহের মধ্যে নিম্ন ঠিকানায় প্রেরণ করিবার জন্য অনুরোধ করা হইল।

চেয়ারম্যান
সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন
জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা)
১০, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

### প্রস্তাবিত সংশোধনী

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হইবে; যথাঃ

১। বিধি ২ এর উপ-বিধি (১) এর দফা (চ) এবং (দ) নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হইবে, যথাঃ

"(চ) "উদ্যোক্তা" অর্থ কোন ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, কমিশন কর্তৃক নিবন্ধিত সম্পদ ব্যবস্থাপক কোম্পানি, ইন্স্যুরেন্স কোম্পানি বা সংবিধিবদ্ধ সংস্থা, যাহা এককভাবে বা অন্য কোন ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, ইন্স্যুরেন্স কোম্পানি, সংবিধিবদ্ধ সংস্থা, স্বীকৃত তথা রেজিস্টার্ড ট্রাস্ট ফান্ড, পেনশন ফান্ড, প্রভিডেন্ট ফান্ড বা সুপার এনুয়েশন ফান্ড (Super Annuation Fund), বৈদেশিক ফান্ড এর সহিত মিলিতভাবে কোন মিউচ্যুয়াল ফান্ড গঠন করে;

(দ) "মেয়াদী স্কীম" (close-end) অর্থ এমন কোন স্কীম যাহার পরিপক্কতার মেয়াদ নির্ধারিত থাকে এবং যাহার ফান্ডের আকার শুধুমাত্র পুনঃবিনিয়োগ (Reinvestment) এর মাধ্যমে পরিবর্তীত হইতে পারে;"।

২। বিধি ২ এর উপ-বিধি (১) এর দফা (ট), (ঠ), (ড) এবং (ধ) এর পর যথাক্রমে নিম্নোক্ত নতুন দফা (টট), (ঠঠ), (ঢঢ) এবং (ধধ) ও (ধধধ) সংযোজিত হইবে, যথাঃ-

"(টট) "পুনঃবিনিয়োগ (Reinvestment)" অর্থ নতুন ইউনিট ইস্যুর মাধ্যমে ফান্ডের মুনাফার বন্টন;

(ঠঠ) "ফিক্সড ইনকাম সিকিউরিটিজ (Fixed Income Securities)" অর্থ এমন ধরনের সিকিউরিটিজ যাহার মেয়াদ এক বছরের বেশী, যাহা থেকে বিনিয়োগকারীগণ নির্দিষ্ট মেয়াদে সুনির্দিষ্ট পরিমাণে একাধিক আয় বা মুনাফা পেয়ে থাকেন, যাহার মেয়াদ শেষে বিনিয়োগকারীগণ বিনিয়োগকৃত মূল অর্থ ফেরত পান; এই ক্ষেত্রে ঐ সকল সিকিউরিটিজ অন্তর্ভুক্ত হইবে যেইগুলো সুপ্ত (Intrinsic), যেমন-জিরো কুপন বন্ড, যাহা প্রকাশিত (Explicit) হারে আয় বা মুনাফা প্রদান করে;

(ঢঢ) "বিক্রয় প্রতিনিধি (Selling Agent)" অর্থ কমিশনের নির্দেশনা পরিপালন সাপেক্ষে, Association of Asset Management Companies and Mutual Funds (AAMCF) কর্তৃক মনোনীত প্রতিষ্ঠান অথবা নিবন্ধিত ব্যক্তি যিনি Bangladesh Institute of Capital Market (BICM) হইতে নির্দিষ্ট কোর্সের সার্টিফিকেটধারী হইবেন;

(ধধ) "সমন্বিত বিনিয়োগ স্কীম (Collective Investment Scheme)" অর্থ কোন বিনিয়োগ স্কীম বা ব্যবস্থা যাহার মাধ্যমে বিনিয়োগকারীগণের নিকট হইতে অর্থ সংগ্রহের মাধ্যমে বিনিয়োগ ব্যবস্থাপকের তত্ত্বাবধানে উক্ত ফান্ড আয়, মুনাফা প্রাপ্তির উদ্দেশ্যে সিকিউরিটিজ, ফাইন্যান্সিয়াল ইন্সট্রুমেন্ট, বিভিন্ন ধরনের সম্পদ, যথাঃ সকল ধরনের মিউচ্যুয়াল ফান্ড, গোল্ড এক্সচেঞ্জ ফান্ড, রিয়েল এস্টেট ফান্ড (রিইটস), ইসলামিক ফান্ড, বন্ড ফান্ড ইত্যাদিতে বিনিয়োগ করা হয়;

(ধধধ) "স্পেশাল পার্পাস ফান্ড (Special Purpose Fund)" অর্থ কোন বিশেষ উদ্দেশ্যে গঠিত ফান্ড যাহার গঠন প্রক্রিয়া শুরুর পূর্বেই কমিশনের সম্মতি প্রয়োজন, যেমন- ইনফ্রাস্ট্রাকচার ফাইন্যান্স ফান্ড, সম্পদ ব্যবস্থাপক কোম্পানি কর্তৃক প্রস্তাবিত below Net Asset Value (NAV) ফান্ড, ইত্যাদি;"।

৩। বিধি ১০ এর উপ-বিধি (১) নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(১) বিধি ৯ এ উল্লিখিত কোন অযোগ্যতা না থাকিলে কমিশন মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের দরখাস্ত মঞ্জুর করিবে এবং মিউচ্যুয়াল ফান্ডটি নিবন্ধন করিবেঃ

তবে শর্ত থাকে যে, উক্তরূপ নিবন্ধনের পূর্বে দরখাস্তকারীকে নিবন্ধন ফি বাবদ ফান্ডের দশমিক বিশ শতাংশ টাকা কমিশন বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে জমা প্রদান করিতে হইবে, তবে বেমেয়াদী ফান্ডের ক্ষেত্রে প্রাথমিক নিবন্ধন এর পর অতিরিক্ত ফান্ড গঠনের ক্ষেত্রে কমিশনের অনুমোদনের সময় অতিরিক্ত টার্গেট সাইজ (target size) এর দশমিক দশ শতাংশ হারে ফি প্রদান করিবে।"

৪। বিধি ৪২ এর উপ-বিধি (২) নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(২) উপ-বিধি (১) এর অধীন কোন স্কীম অনুমোদনের জন্য সম্পদ ব্যবস্থাপক কমিশনের নিকট উক্ত স্কীমের বিবরণ, প্রসপেক্টাস, লেটার অব অফার, ট্রাস্টির অনুমতিপত্র এবং স্কীম সম্পর্কিত অন্যান্য আনুসংগিক কাগজপত্র দাখিল করিবেঃ

তবে শর্ত থাকে যে, বে-মেয়াদী স্কীম এর ক্ষেত্রে স্কীমের আকার বৃদ্ধির প্রয়োজনে ট্রাস্টির অনুমতি সাপেক্ষে কমিশনের অনুমোদন নিতে হইবে।"।

৫। বিধি ৪৮ এর উপ-বিধি (১) নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(১) সম্পদ ব্যবস্থাপক যদি বিধি ৪৬ এর অধীন ন্যূনতম অর্থ বা লক্ষ্যমাত্রার অন্যূন ষাট শতাংশ অর্থ মেয়াদী ফান্ডের ক্ষেত্রে এবং চল্লিশ শতাংশ অর্থ বেমেয়াদী ফান্ডের ক্ষেত্রে, যাহা অধিকতর হইবে, সংগ্রহ করিতে ব্যর্থ হয় তাহা হইলে, উহা চাঁদা প্রদানকারীগণের নিকট হইতে সংগৃহীত সমুদয় অর্থ কোন প্রকার কর্তন ছাড়াই ফেরত প্রদান করিবে।"।

৬। বিধি ৫০খ এর পর নিম্নোক্ত নতুন বিধি ৫০গ সংযোজিত হইবে, যথাঃ-

"৫০গ। স্কীমের রূপান্তর (Conversion of scheme)।- কোন মেয়াদী স্কীমের অন্যূন তিন চতুর্থাংশ ইউনিট মালিকগণ স্কীমটির রূপান্তরের পক্ষে প্রস্তাব গ্রহণ করিলে মেয়াদী মিউচ্যুয়াল ফান্ডের স্কীম অথবা স্কীমগুলো বেমেয়াদী স্কীমে রূপান্তারিত হইতে পারে।"

৭। বিধি ৫৫ এর উপ-বিধি (২) নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(২) উপ-বিধি (১) এ উল্লিখিত অর্থের অন্ততঃ শতকরা পঞ্চাশ ভাগ (৫০%) অর্থ পুঁজিবাজারের সিকিউরিটিজে বিনিয়োগ করিতে হইবে যাহার মধ্যে অন্ততঃ অর্ধেক অর্থ স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত সিকিউরিটিজে হইতে হইবে এবং উপ-বিধি (১) এ উল্লিখিত অর্থের অন্ততঃ শতকরা দশ ভাগ (১০%) ফিক্সড ইনকাম সিকিউরিটিজে বিনিয়োগ করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, মিউচ্যুয়াল ফান্ডের কোন অর্থ ঐ ফান্ডের কোন স্কীমে বিনিয়োগ করিতে হইলে সেই ক্ষেত্রে বিনিয়োগের পরিমাণ ও সময় উল্লেখপূর্বক বিনিয়োগের অন্ততঃ সাত দিন পূর্বে সম্পদ ব্যবস্থাপক কর্তৃক লিখিতভাবে কমিশন ও সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জকে জানাইতে হইবে।"।

৮। বিধি ৬৫ এর উপ-বিধি (২) এর দফা (ঘ) এর পর নিম্নোক্ত নতুন দফা (ঙ) সংযোজিত হইবে, যথাঃ- "(ঙ) স্পেশাল পার্পাস ফান্ড এর ক্ষেত্রে উপ-বিধি (২) এর দফা (ক), (খ), (গ) ও (ঘ) এ উল্লিখিত ফি প্রযোজ্য হইবে না, এই ক্ষেত্রে কমিশনের পূর্বানুমতি সাপেক্ষে ফি নীট সম্পদের উপর সর্বোচ্চ শতকরা এক দশমিক পাঁচ ভাগ (১.৫%) পর্যন্ত করা যাইতে পারে, তবে এই ক্ষেত্রেও পঞ্চম তফসিল [বিধি ৫৬ দ্রষ্টব্য] এ উল্লিখিত বিনিয়োগে বাধা-নিষেধ এর ক্রমিক নং ১০ পরিপালন করিতে হইবে।"।

৯। বিধি ৬৬ নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"৬৬। লভ্যাংশ বিতরণ ও উহার সীমা।- প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার বার্ষিক হিসাব সমাপ্ত হইবার পর প্রত্যেকটি স্কিমের বিপরীতে উক্ত স্কীমের ইউনিট মালিকগণের মধ্যে এই বিধিমালা অনুযায়ী নগদ লভ্যাংশ অথবা রি-ইনভেস্টমেন্ট (স্টক ডিভিডেন্ড) বিতরণের ঘোষণা করিবে যাহার পরিমাণ উক্ত স্কীমের বার্ষিক লাভের শতকরা সত্তর ভাগ (৭০%) এর কম হইবে না, তবে এক্ষেত্রে ট্রাস্টি এর মতামত সাপেক্ষে উভয় বা যে কোন একটি অপশন প্রদান করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, যেই সকল বর্ধিষ্ণু বিনিয়োগ স্কীমের প্রকৃতি ও সম্ভাবনা সম্পর্কে শুরুতেই বিনিয়োগকারীদের সম্পূর্ণরূপে জানানো হইয়াছিল উহাদের ক্ষেত্রে উক্ত লভ্যাংশ প্রদানের হার বার্ষিক লাভের অন্ততঃ শতকরা পঞ্চাশ ভাগ (৫০%) এর কম হইবে নাঃ

আরও শর্ত থাকে যে, উক্ত লভ্যাংশ সিদ্ধান্ত গ্রহণের পঁয়তাল্লিশ দিনের মধ্যে ইউনিট মালিকগণের নিকট বিতরণপূর্বক এতদসংক্রান্ত একটি প্রতিবেদন পরবর্তী সাত দিনের মধ্যে কমিশন, ট্রাস্টি ও হেফাজতকারীর নিকট দাখিল করিতে হইবে।"।

১০। পঞ্চম তফসিল [বিধি ৫৬ দ্রষ্টব্য] এ উল্লিখিত "বিনিয়োগে বাধা-নিষেধ" এর অনুচ্ছেদ নং ৫ এবং ১০ নিম্নোক্তভাবে প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"৫. কোন মিউচ্যুয়াল ফান্ড উহার সকল স্কিমের অধীনে কোন একক শিল্পে শেয়ার, ডিবেঞ্চার, ও অন্যান্য সিকিউরিটিজে মোট সম্পদের শতকরা পঁচিশ ভাগ (২৫%) এর বেশি বিনিয়োগ করিবে নাঃ

তবে শর্ত থাকে যে, যে স্কিম এক বা একাধিক শিল্পে বিনিয়োগ করিবার উদ্দেশ্যে গঠন করা হইয়াছে, তাহার ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে না যদি এই মর্মে একটি ঘোষণা প্রসপেক্টাসে দেওয়া হইয়া থাকে, এই ক্ষেত্রে স্কীমের মধ্যে স্পেশাল পার্পাস ফান্ডও (বিশেষ উদ্দেশ্যে গঠিত ফান্ডগুলো) অন্তর্ভুক্ত হইবে।

১০. ১ হইতে ৯ অনুচ্ছেদের কোন বিষয় ক্ষুন্ন না করিয়া, তহবিলের প্রাথমিক ইস্যু ব্যয় ছাড়া মোট ব্যয় হিসাব বর্ষের সাপ্তাহিক গড়পড়তা নীট সম্পদের শতকরা চার ভাগ (৪%) এর বেশী চার্জ করা যাইবে না, সম্পদ ব্যবস্থাপক যদি বিক্রয় প্রতিনিধি নিয়োগ করে তবুও ব্যয় এর উক্ত সর্বোচ্চ সীমা শতকরা চার ভাগ (৪%) লংঘন করা যাইবে না।"।

জিডি-৩৮৬৩

---

(পল্লী বিদ্যুতায়ন দেশের সামাজিক উন্নয়নের প্রতিশ্রুতি)

## বাড়ি ইজারা গ্রহণের বিজ্ঞপ্তি

পল্লী বিদ্যুতায়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, পবিবো, ঝিনাইদহ এর অফিস হিসাবে ব্যবহারের জন্য ঝিনাইদহ শহরে বন্যামুক্ত এলাকায় প্রশস্ত পাকা রাস্তা সংলগ্ন গাড়ি পার্কিং, গ্যারেজ, পানি, বিদ্যুৎ ও যথাযথ নিরাপত্তা সুবিধাদিসহ কমপক্ষে ১৮০০ বর্গফুট ফ্লোর এরিয়া সম্পন্ন একটি বাড়ি আগামী ০১/১২/২০১২ইং তারিখ হইতে কার্যকর সাপেক্ষে পরবর্তী ০২ (দুই) বৎসর মেয়াদের জন্য চুক্তি স্বাক্ষরের মাধ্যমে ইজারা গ্রহণ করা হইবে। ইজারা চুক্তির শর্তাদির নমুনা নিম্নস্বাক্ষরকারীর দপ্তর অথবা নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, পবিবোর্ড, ঝিনাইদহ এর দপ্তর হইতে সংগ্রহ করা যাইবে। বাড়ি ভাড়া প্রদানে আগ্রহী ও বাড়ির প্রকৃত মালিকগণকে বাড়ির মালিকানা, অনুমোদিত ফ্লোর প্লানের নকশা ও ফ্লোর এরিয়া সংক্রান্ত কাগজপত্রাদিসহ প্রত্যাশিত মাসিক ভাড়া (বিদ্যুৎ বিল ব্যতীত) উল্লেখপূর্বক আগামী ৩১/১০/২০১২ইং তারিখে বেলা ১২:০০ ঘটিকার মধ্যে তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর, খুলনা জোন, পবিবোর্ড, চাঁচড়া, যশোর অথবা নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, পবিবোর্ড, ঝিনাইদহ এর দপ্তরে সীলমোহরকৃত আবেদনপত্র দাখিল এর জন্য অনুরোধ করা যাইতেছে। আবেদনপত্রসমূহ আগামী ৩১/১০/২০১২ইং তারিখে বেলা ১৪:০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আবেদনকারীগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।

পল্লী বিদ্যুতায়ন বোর্ড
পল্লী বিদ্যুতায়ন বোর্ড
RURAL ELECTRIFICATION BOARD
পবি/জন(৩৪)২০১২-২০১৩
জিডি-৩৮৬৪

**এস এম আজিজুর রহমান**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকল্প) অঃ দাঃ
খুলনা জোন, পবিবোর্ড, যশোর

---

# Department of Archaeology

Pratnatatta Bhaban
Sher-e-Bangla Nagar, Dhaka-1207
www.archaeology.gov.bd, darchaeologybd@yahoo.com

Memo No. Pratna: Audhi:/Lalbagh-11/2011-12/427 Dated: 02.10.2012

## Invitation for Re-Tender

Government of the People's Republic of Bangladesh

| | | | | |
|---|---|---|---|---|
| 1 | Ministry/Division | Ministry of Cultural Affairs. | | |
| 2 | Agency | Department of Archaeology. | | |
| 3 | Procuring entity name | Director General. | | |
| 4 | Procuring entity code | 3431 | | |
| 5 | Procuring entity district | Dhaka. | | |
| 6 | Invitation for | Dhaka | Goods & Works | Single Lot |
| 7 | Invitation Ref. No. | Pratna:Audhi:/Lalbagh-11/2011-12/427 | | |
| 8 | Date | 02.10.2012 | | |
| **KEY INFORMATION** | | | | |
| 9 | Procurement method | OTM. | | |
| **FUNDING INFORMATION** | | | | |
| 10 | Budget and source of funds | GOB (ADP). | | |
| 11 | Development partners (if applicable) | Not applicable. | | |
| **PARTICULAR INFORMATION** | | | | |
| 12 | Project/programme code (if applicable) | 7040 | | |
| 13 | Project/programme name (if applicable) | Preservation of Fort and Introduction of Light & Sound Show at Lalbagh and Preservation of Monuments at Mahasthangarh and its adjacent areas. | | |
| 14 | Tender package No. | 01/2012-13 | | |
| 15 | Tender package name | Light and sound show (outdoor) at Lalbagh Fort, Dhaka. | | |
| 16 | Tender publication date | 05.10.2012 | | |
| 17 | Tender last selling date | 18.10.2012, during office hour. | | |
| 18 | Tender closing date and time | 22.10.2012, up to 2.00pm. | | |
| 19 | Tender opening date and time | 22.10.2012, 4.00pm. | | |
| 20 | Name & address of the office(s) | Address | | |
| | - Selling tender document (principal) | Project Director, Department of Archaeology, Pratnatatta Bhaban, F4/A, Agargaon, Dhaka-1207. | | |
| | - Receiving tender document | (1) Selling Point. (2) Custodian, Lalbagh Fort, Dhaka-1211. (3) Section-6, Ministry of Cultural Affairs, Bangladesh Secretariat, Dhaka. | | |
| | - Opening tender document | Selling Point (PD, DoA, Pratnatatta Bhaban, F4/A, Agargaon, Dhaka-1207). | | |
| 21 | Place/date/time of pre-tender meeting (optional) | Department of Archaeology, Dhaka on 15.10.2012 at 3.00pm. | | |
| **INFORMATION FOR TENDERER** | | | | |
| 22 | Eligibility of tenderer | As per TDS. | | |
| 23 | Brief description of goods or works | Supply, installation, testing, commissioning of Light & Sound Show (Outdoor) System at Lalbagh Fort. | | |
| 24 | Brief description of related services | Training and Advertisement on Light & Sound Show. | | |
| 25 | Price of tender document (Tk) | Tk 5000.00 | | |

| 26 | Lot No. | Identification of lot | Location | Tender security amount (Tk) | Completion time in weeks/months |
|---|---|---|---|---|---|
| | 01 | Light and Sound Show (Outdoor) at Lalbagh Fort, Dhaka | Lalbagh, Fort, Dhaka | 8.00 (eight) lakh | 03 (three) months from the date of signing contract |

**PROCURING ENTITY DETAILS**

| | | | | |
|---|---|---|---|---|
| 30 | Name of official inviting tender | Khondker Zahidul Karim. | | |
| 31 | Designation of official inviting tender | Project Director (Archaeological Engineer). | | |
| 32 | Address of official inviting tender | Pratnatatta Bhaban, F4/A, Agargaon, Dhaka-1207. | | |
| 33 | Contact details of official inviting tender | Tel: 9113387 | Fax: 9103917 | Mail: darchaeologybd@yahoo.com |
| 34 | The procuring entity reserves the right to accept or reject all tenders under any unavoidable circumstances. Tender document selling, receiving and opening disturbed, the next working day will be applicable for the same respectively. | | | |

GD-3842

**Project Director**
Department of Archaeology

---

# KHULNA SHIPYARD LIMITED
## BANGLADESH NAVY, KHULNA

BABE(F)-196/2011-2012 02 October 2012

### INVITATION FOR INTERNATIONAL TENDER

| | | |
|---|---|---|
| 01. | Procuring Entity Name | Khulna Shipyard Limited |
| 02. | Invitation For | Mobile crane |
| 03. | Invitation Reference No. | BABE(F)-196/2011-2012 dated 02 October 2012 |
| 04. | Procuring Method | Open Tender |
| 05. | Budget & Source of Funds | Own Finance |
| 06. | Tender Last Selling Date | 05 November 2012 |
| 07. | Tender Closing Date and Time | 06 November 2012 Time : 1115 AM |
| 08. | Tender Opening Date & Time | 06 November 2012 Time: 1130 AM |
| 09. | Name & Address of the Office (s) for Selling, Receiving and Opening of tener Documents: a. Selling Tender Document | (1)Cash Section, Accounts Department, Khulna Shipyard Ltd. Bangladesh Navy, Khulna. (2) Naval Store, Sub Depot, BNS Haji Mohsin, Dhaka Cant. Dhaka-1206 |
| | b. Receiving Tender Document | Khulna Shipyard Ltd, Khulna |
| | c. Opening Tender Document | (1) Khulna Shipyard Ltd, Khulna (2) Tenderers' and their authorized representatives are allowed to attend. |
| 10. | Price of Tender Document | Tk. 2000.00 (Tk. two thousand) Non-refundable |
| 11. | Contact Details of Official | Tel : 041-813975/720003, Fax : 880-41-720404, E-mail: contact_ksybn.com |
| 12. | Special Instructions | The Procuring Entity reserves the right to reject all or any Tenders prior to acceptance without showing any reason. |

GD-3838

DGM (Commercial and Purchase)

---

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা
কর্মী ব্যবস্থাপনা বিভাগ-১

## ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদে নিয়োগের লিখিত পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি ব্যাংক-এ ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর পদে নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের লিখিত পরীক্ষা **১৯/১০/২০১২** তারিখ শুক্রবার সকাল ১০.০০ ঘটিকায় ঢাকা শহরের বিভিন্ন কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হবে। প্রার্থীদের বর্তমান ঠিকানায় ইতোমধ্যে প্রবেশপত্র ডাকযোগে প্রেরণ করা হয়েছে। **প্রার্থীদের রোল নং, নাম ও পিতা/স্বামীর নাম সম্বলিত প্রশাসনিক বিভাগ ও জেলাভিত্তিক Alphabetically** নামের তালিকা ওয়েবসাইট www.krishibank.org.bd এর News Caption এ প্রকাশ করা হয়েছে। যে সকল প্রার্থী প্রবেশপত্র পাননি তাঁরা ০২ কপি সত্যায়িত ছবিসহ **১৬ ও ১৭ অক্টোবর, ২০১২** অফিস চলাকালীন সময়ে নিজে উপস্থিত হয়ে অত্র বিভাগ হতে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন। ডুপ্লিকেট প্রবেশপত্রের জন্য প্রার্থীকে **ওয়েবসাইটে উল্লেখিত রোল নং, নাম ও পিতা/স্বামীর নাম, নিজ জেলা এবং জন্ম তারিখ ইংরেজিতে বড় অক্ষরে (মূল আবেদনে যেভাবে লেখা হয়েছে) উল্লেখপূর্বক** আবেদন করতে হবে। ওয়েবসাইটে উল্লেখিত রোল নম্বর ব্যতিত ডুপ্লিকেট প্রবেশপত্রের জন্য কারো আবেদন বিবেচনা করা হবে না। প্রবেশপত্র ব্যতিত কোন প্রার্থী লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবেন না। ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

জিডি-৩৮৫৭

উপ-মহাব্যবস্থাপক

---

# Institute of Education and Research
## University of Rajshahi

IER No. Adv./2012/226 Dated: October 02, 2012

Applications are invited from Bangladeshi nationals for filling up the following posts in the Institute of Education and Research:

1. Assistant Professor/Lecturer - 1 (One) Permanent
2. Lecturer (Against Professor) - 1 (One) Temporary
3. Lecturer (Against Associate Professor) - 1 (One) Temporary

**Pay Scale:**

**Lecturer:** 11000-490-14430-EB-540-20370/- plus usual allowances.

Forms and particulars regarding qualification requirements may be obtained from the Office of the Director by sending a self-addressed envelope with postage stamp worth Tk 6/- only. Nine (9) copies of the application form duly filled in along with attested copies of all academic certificates and mark sheets with each application and application fee of Tk 500/- (five hundred) in Bank Draft/Pay-Order (non-refundable), Agrani Bank Limited, Rajshahi University Branch in favour of the Director, Institute of Education and Research must reach the undersigned on or before **November 8, 2012**.

For the post of Assistant Professor/Lecturer, Lecturer will be appointed. Candidates already in service must apply through proper channel. Incomplete applications will be rejected without reference.

**Dr. Golam Kabir**
Professor and Director
Institute of Education and Research
Rajshahi University

**Academic Qualifications for the Post of Lecturer:**

a) Candidates must have Master of Education (MEd) in Special Education/Educational Evaluation and Research/Science, Mathematics and Technology Education/Educational Administration/Social Science Education with BEd (Honours). Candidates must have at least one first class or in grading system a minimum CGPA of 3.50 and 4.0 at the 4.0 and 5.0 scale respectively either at the BEd (Honours) or at the MEd level. Any third class or in grading system less than CGPA of 3.0 and 3.5 at the 4.0 and 5.0 scale respectively will not be allowed to apply.

b) For SSC and HSC candidates must have at least one first division or in grading system a minimum GPA of 4.0 at the 5.0 scale. Any third division or in grading system GPA less than 3.0 at the 5.0 scale will not be allowed to apply.

GD-3843